বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ৩২তম সভার রেকর্ড নোটস্।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ৩২তম সভা ১৪/০২/২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ জাকির হোসেন চৌধুরীর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থ জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নতুন যোগদানকারীদের পরিচিতি বিনিময়ের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত ৩১ তম সভার রেকর্ডনোটস উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করা হয়। এ পর্যায়ে ৩১তম সভা হতে ৩২তম সভা পর্যন্ত সময়কালে জারিকৃত বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করা হয়। অতঃপর উত্থাপিত অন্যান্য বিষয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০১.	অনলাইন ইম্পোর্ট মনিটরিং সিস্টেম-এ মাসিক ভিত্তিতে আমদানি সংক্রান্ত লেনদেনের সার্টিফিকেট দাখিল প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	এফইওডি'র পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, ডিসেম্বর'২০২২ মাস হতে অনলাইন ইম্পোর্ট মনিটরিং সিস্টেম-এ ব্যাংকসমূহের মাসিক ভিত্তিতে আমদানির তথ্য তাদের নিজ নিজ ট্রেজারি বিভাগ কর্তৃক প্রত্যয়ণ করতঃ সার্টিফিকেট আকারে দাখিলের জন্য এফইওডির ০৬/১১/২০২২ তারিখের পত্র নং এফইওডি/ইম্পোর্ট ট্রেড/০১/২০২২-৪৯০০ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ সংক্রান্ত একটি নতুন Tab সংযোজন করা হয়েছে। উক্ত সার্টিফিকেট OEMS এ যথাসময়ে দাখিলের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়।	সকল ব্যাংক
০২.	আমদানি এলসির বিপরীতে Outstanding এর পরিমাণ যথাযথভাবে সমন্বয় প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	সাধারণত স্বীকৃত আমদানি এলসির মূল্য আমদানিকারকের ব্যাংক কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধিত হয়ে থাকে কিন্তু একটি নির্দিষ্ট এলসির বিপরীতে পরিশোধিত মোট আমদানি মূল্য যদি এলসি মূল্য অপেক্ষা কম হয় তবে তা সিস্টেম-এ Outstanding এলসি হিসেবে প্রদর্শিত হয় মর্মে উল্লেখ করে এফইওডির প্রতিনিধি ব্যাংকসমূহকে এলসির অব্যবহৃত অংশ সমন্বয়ের জন্য বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হলেও Outstanding এলসির পরিমাণ এখনো সন্তোষজনক পর্যায়ে এসে পৌছায়নি মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে তদারকি ব্যবস্থা জোরদার করার জন্য এফইওডি'র পক্ষ থেকে প্রস্তাব করা হয়। সভায় উপস্থিতিদের পক্ষ থেকে বলা হয় যে, এলসির অব্যবহৃত অংশ সমন্বয়ের জন্য তদারকির কার্যক্রম জোরদার করা হচ্ছে। আমদানি বাণিজ্যের প্রকৃত চিত্র উপস্থাপনের নিমিত্ত Outstanding এলসির পরিমাণ কাম্য পর্যায়ে উপনীত করার নিমিত্ত জোর পদক্ষেপ গ্রহনের জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৩.	Fx Dash Board এর OEMS-এ সংযোজিত Cash Incentive sub-module এর মাধ্যমে এডি	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	৭টি ব্যাংকের উপর পরিচালিত Cash Incentive Module এর Trial Run সমাপনান্তে ডিসেম্বর/২০২২ মাস হতে নগদ সহায়তার আবেদন ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি এডি ব্যাংকগুলো বর্ণিত মডিউলটির মাধ্যমে অনলাইনে প্রেরণ করছে এবং আগামী মার্চ/২০২৩ মেয়াদান্তে শুধু অনলাইনে নগদ	সকল ব্যাংক

	ব্যাংকগুলোর রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদন প্রসঙ্গে।		সহায়তার আবেদন গ্রহণ করা হবে মর্মে এফইওডির প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ উপলক্ষ্যে এডি ব্যাংকের বাছাইকৃত কিছু কর্মকর্তাদের বিবিটিএতে ট্রেনিং দেয়া হয়েছে মর্মেও এফইওডির পক্ষ হতে সভাকে জানানো হয়। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে সভার সভাপতি সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তাদের স্ব স্ব ব্যাংকের কর্মকর্তাদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ও উপযোগী করে গড়ে তোলার নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	
০৪.	বিবি-এডি ফোরামের সপ্তদশ সভার ১২ নং সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	বিবি-এডি ফোরামের সপ্তদশ সভার ১২ নং সিদ্ধান্ত অনুযায়ী, রপ্তানি মূল্যের ৫% বা এর অতিরিক্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত এজেন্ট কমিশন এবং অন্যান্য চার্জ/ফী হিসেবে SWIFT/Cable Charges, Discrepancy Charges, Reimbursement/ Payment Fee, Postal/ Courier Charges, LC amendment Charges, Export Bill Acceptance Fee ইত্যাদি কর্তনের তথ্য OEMS এ ইএক্সপি'র বিপরীতে রপ্তানি মূল্য প্রত্যাবাসনের (ট্রিপ্লিকেট) তথ্যের সাথে একই ঘরে/ফিল্ডে রিপোর্ট করার সুযোগ রাখা হয়েছে। এফইওডির পর্যবেক্ষণ অনুযায়ী, রপ্তানি মূল্য প্রত্যাবাসন সংশ্লিষ্ট বিভিন্ন চার্জসমূহের যথার্থতা নিশ্চিতের ক্ষেত্রে এডি শাখাসমূহ কর্তৃক তদারকি করা হয় না। উদাহরণস্বরূপ, ব্যাংকসমূহের ২০১৮ হতে ২০২১ সাল পর্যন্ত রিপোর্টকৃত অনেক ইএক্সপি'র বিপরীতে ৫% এর অধিক পরিমাণ চার্জ কর্তন করা হয়েছে। এর মাধ্যমে, অপ্রত্যাবাসিত রপ্তানি মূল্যেকে অনেক ক্ষেত্রে সমপরিমাণ বিভিন্ন চার্জ হিসেবে রিপোর্ট করে রপ্তানিকারককে মূল্য প্রত্যাবাসনের দায় এড়ানোর চেষ্টা লক্ষ্য করা যায়। অন্যদিকে, রপ্তানি L/c/Contract এর বিপরীতে ৫% এর অধিক এজেন্ট কমিশনের পূর্বানুমোদন গ্রহণের পর সে তথ্য Reimbursement/ Payment Fee হিসেবে ইএক্সপি'তে রিপোর্ট করা হচ্ছে। ফলে, রপ্তানির বিপরীতে ব্যাংক চার্জ ও এজেন্ট কমিশন কর্তনের প্রকৃত তথ্য পাওয়া দুষ্কর হয়ে উঠেছে। এ বিষয়ে সভার সভাপতি ব্যাংকসমূহের রিপোর্টিং সংশ্লিষ্ট কর্মকর্তা পর্যায়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনসহ যথানিয়মে রিপোর্টিং সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৫.	ওভারডিউ রপ্তানি মূল্য প্রত্যাবাসন প্রসংগে।	রপ্তানি নীতি শাখা, এফইপিডি	গত জানুয়ারি ০৮, ২০২৩ তারিখের পত্রের মাধ্যমে ব্যাংক কর্তৃক দাখিলকৃত বিবরণী অনুযায়ী ওভারডিউ রপ্তানি মূল্য প্রত্যাবাসন করে তথ্য সরবরাহের জন্য ব্যাংকগুলোকে পত্র প্রেরণ করা হয় মর্মে উল্লেখ করে রপ্তানি নীতি শাখার পক্ষ হতে সভাকে অবহিত করা হয় যে, যেসব ব্যাংক এখনো যাচিত তথ্যাদি প্রেরণ করেনি তাদেরকে ওভারডিউ রপ্তানি মূল্য প্রত্যাবাসনের তাগাদা প্রদান করে এফইপিডিতে তথ্য দাখিলের অনুরোধ করা হয়। আলোচনায় অংশ নিয়ে এফইপিডির পরিচালক মহোদয় বর্তমানে দেশের আমদানি-রপ্তানি ও রেমিট্যান্সের অবস্থান সংক্ষিপ্তরূপে পর্যালোচনা করতঃ বিদ্যমান রিজার্ভের সুসংহত অবস্থান বজায় রাখার স্বার্থে ওভারডিউ রপ্তানি মূল্য প্রত্যাবাসন করার নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন। রপ্তানিমূল্য প্রত্যাবাসনে বিলম্বের কারন হিসেবে বর্তমান বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় অনেক ক্ষেত্রে বিদেশী ক্রেতারা রপ্তানি বিলম্ব করছে মর্মে উপস্থিত ব্যাংক প্রতিনিধিরা মতামত ব্যক্ত করেন। সার্বিক বিবেচনায়, নির্ধারিত সময়ের পূর্বে রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিষয়ে সচেষ্ট থাকা ও যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন।	
০৬.	গ্যারান্টি ইস্যু/নবায়নের বিষয়ে আবেদনপত্র প্রেরণে এডি শাখা কর্তৃক আবশ্যিক দলিলাদি দাখিল প্রসঙ্গে।	এএন্ডএনএফ বিপি শাখা, এফইপিডি	ব্যাংকসমূহ কর্তৃক গ্রাহকের পক্ষে গ্যারান্টি/পারফরমেন্স গ্যারান্টি/ এ্যাডভান্স পেমেন্ট গ্যারান্টি, স্ট্যান্ড বাই লেটার অব ক্রেডিটসহ অন্যান্য নন-ফান্ডেড সুবিধা প্রদান/ইস্যুকরণের বিষয়ে এফইপিডিতে প্রেরিত আবেদনপত্র পর্যালোচনায় প্রায়শ গুরুত্বপূর্ণ তথ্যাদি/দলিলাদির ঘাটতি পরিলক্ষিত হয় যাতে	সকল ব্যাংক

			আবেদনপত্রের বিষয়বস্তু নিষ্পত্তিতে অনাকাঙ্খিত সময়ক্ষেপণ হয়ে থাকে মর্মে এএন্ডএনএফবিপি শাখা হতে সভাকে অবহিত করা হয়। এ প্রেক্ষিতে বিবেচ্যপত্রের সাথে সংশিষ্ট তথ্য-উপাত্ত ও দলিলাদি যেমন আবেদনকৃত নন-ফান্ডেড এক্সপোজারের মঞ্জুরীপত্র, সংশ্লিষ্ট গ্রাহকগ্রুপ বৃহদাংক ঋণসীমা বা Single Borrower exposure অতিক্রম করেছে কিনা তার ঘোষনা/অনাপত্তিপত্র, সংশ্লিষ্ট চুক্তিপত্রের কপি, মার্জিন/পর্যাপ্ত জামানত গ্রহণ সংক্রান্ত তথ্য প্রভৃতি বিদ্যমান বিধিবিধানের পূর্ণাঙ্গ পরিপালন নিশ্চিতকরণে আবশ্যক মর্মেও এএন্ডএনএফবিপি উল্লেখ করে। সভাপতি মহোদয় এএন্ডএনএফবিপি কর্তৃক উত্থাপিত প্রস্তাব বিবেচনায় নিয়ে এফইপিডিতে আবেদনপত্র প্রেরণকালে সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ও দলিলাদি প্রেরণ করার জন্য এডি ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করেন।	
০৭.	বৈদেশিক বাণিজ্যের কার্যক্রম 'Centralized Trade Processing Centre' এর মাধ্যমে সম্পাদন প্রসঙ্গে।	লাইসেন্সিং শাাখা, এফইপিডি	এফইপিডির লাইসেন্সিং শাখা হতে প্রস্তাব করা হয় যে, বৈদেশিক মুদ্রায় লেনদেন তদারকি শক্তিশালীকরণ এবং এতদ্সংক্রান্ত নিয়মাচার যথাযথ পরিপালনের নিমিত্ত একটি নীতিমালা প্রণয়ন করা আবশ্যক। আলোচ্য নীতিমালায় আগ্রহী এডি ব্যাংককে 'Centralized Trade Processing Centre' এর লাইসেন্স প্রদান করা হবে যেখান হতে উক্ত এডি ব্যাংকের সকল বৈদেশিক বাণিজ্য সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালিত হবে। আলোচনায় অংশ নিয়ে উপস্থিত ব্যাংক প্রতিনিধিরা এই মর্মে মতামত ব্যক্ত করেন যে, সিটিপিসি ব্যাংকের প্রধান কার্যালয়ের ইন্টারন্যাশনাল ডিভিশনের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হবে এবং এ সংক্রান্ত সকল রেগুলেটরি রিপোর্টিং ও সুপাভাইজরি ইন্সপেকশন সমন্বয়ের সব দায়িত্ব সিটিপিসি পালন করবে তবে বিদ্যমান এডি শাখাগুলোতে যেহেতু আমদানি-রপ্তানি ছাড়া আরও অন্যান্য বৈদেশিক মুদ্রার কার্যক্রম রয়েছে সেহেতু উক্ত এডি শাখাগুলোর লাইসেন্স বাতিল করে দেয়া সমীচীন হবে না। সার্বিক আলোচনান্তে, এতদসংক্রান্ত কার্যাদি এফইপিডির লাইসেন্সিং শাখা আরো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	লাইসেন্সিং শাাখা, এফইপিডি
০৮.	BBOEMS-এ রপ্তানিকারকের নাম অনুসারে ইএক্সপি রেজিস্টার প্রতিবেদন অন্তর্ভুক্তি প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	স্ট্যান্ডার্ড চার্টাড ব্যাংকের পক্ষ থেকে প্রস্তাব করা হয় যে, প্রায়শই রপ্তানি গ্রাহকদের Performance report প্রস্তুত করতে হয় যা ইএক্সপি রেজিস্টারের সাথে যাচাই করা প্রয়োজন। অধিকন্তু মাঝে মাঝে বিশেষ কিছু প্রয়োজনে যেমন ডিসকাউন্ট কমিটির অনুমোদনের আবেদন জমা দেয়ার জন্য বিগত ৩ বছরের রপ্তানি কর্মক্ষমতার ডাটা নিতে হয়। কিন্তু প্রয়োজনীয় সকল তথ্য 'Exporter Name Wise' পারফরম্যান্স প্রতিবেদনে থাকে না। তাই যদি BBOEMS-এ রপ্তানিকারকের নাম অনুসারে ইএক্সপি রেজিস্টার ডাউনলোড করার সুযোগ থাকে তবে এটি সকল ব্যাংকের জন্য সহায়ক হবে। আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, এ ব্যাপারে এফইওডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।
০৯.	পূর্বে খোলা মেয়াদোত্তীর্ণ এলসিএ'র বিপরীতে বাংলাদেশ ব্যাংকের অনুমতি সাপেক্ষে পেমেন্ট করা প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	আমদানি নীতি আদেশ ২০২১-২৪ অনুযায়ী আমদানির ক্ষেত্রে এলসিএএফ এর প্রয়োজনীয়তা সম্পূর্ণরূপে বাতিল করা হয়েছে। আমদানি নীতি আদেশ অনুযায়ী কেবলমাত্র ঋণপত্র অথবা চুক্তিপত্রের বিপরীতেই আমদানি কার্যক্রম সম্পন্ন করা যাবে। পরবর্তীতে এলসিএএফ প্রত্যাহার করে সংশোধিত ব্যবস্থার বিষয়ে ২০ অক্টোবর ২০২২ তারিখে এফই সার্কুলার নম্বর ২৯ জারি করা হয়েছে। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি উল্লেখিত সার্কুলার কার্যকর হওয়ার পূর্বে যে সকল এলসি বা এলসিএ খোলা হয়েছিল সেগুলোর মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়ার পর পূর্ববর্তী নির্দেশনা মোতাবেক পেমেন্ট কার্যকর করার জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমতি গ্রহণ করার প্রয়োজন আছে কিনা বিষয়টি স্পষ্টীকরণের জন্য ফোরামের অংশীজনদের দৃষ্টি আকর্ষণ করেন। সার্বিক আলোচনান্তে সভার সভাপতি উল্লেখিত সার্কুলার কার্যকর হওয়ার পূর্বে স্থাপিত এলসিগুলো মেয়াদোত্তীর্ন হয়ে	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।

			গেলে এফইওডি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করেন।	
১০.	ইম্পোর্ট ট্রানজেকশন এর বিপরীতে Vessel/Container tracking এর ক্ষেত্রে Risk Based approach গ্রহণ প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	এফই সার্কুলার নং ৯, তারিখ ১৭ মে ২০২২ অনুযায়ী সকল ইম্পোর্ট ট্রানজেকশন এর শিপমেন্ট এর বিপরীতে Vessel/Container tracking বাধ্যতামূলক করা হয়েছে। এই সার্কুলারের আলোকে সকল ইম্পোর্ট ট্রানজেকশন এর ক্ষেত্রে tracking এর পরিবর্তে Risk Based approach এর ভিত্তিতে tracking কার্যক্রম সম্পাদন করা যায় কিনা বিষয়টি আলোচনার জন্য উত্থাপন করা হয়। আলোচনায় অংশ নিয়ে উপস্থিত ব্যাংক প্রতিনিধিরা একটি সুনির্দিষ্ট মূল্যের অধিক ইমপোর্ট ট্রানজেকশনের ক্ষেত্রে Vessel/Container tracking বাধ্যতামূলক করা অথবা Trade Based Money laundering এর আলোকে ট্রান্সপোর্ট ডকুমেন্টে কোনরূপ material discrepancy পরিলক্ষিত হলে সেক্ষেত্রেও tracking করা আবশ্যক মর্মে তাদের অভিমত পেশ করেন। বিস্তারিত আলোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহিত হয় যে, ব্যাংক বৈদেশিক লেনদেন এর প্রকৃতি ও ঝুঁকি বিবেচনায় প্রয়োজনবোধে স্বীয় Risk Based approach ব্যবহার করে বিদ্যমান সার্কুলারের বাস্তবায়ন করবে।	সকল ব্যাংক
১১.	ইম্পোর্ট ট্রানজেকশন এর বিপরীতে Price verification প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড	GFET-২০১৮ এর চ্যাপ্টার-৭, প্যারা- ২০ এর মাধ্যমে এডি ব্যাংকসমূহকে আমদানী মূল্যের যৌক্তিকতা যাচাইপূর্বক আমদানী সম্পাদনের প্রাধিকার রয়েছে। কিন্তু বাণিজ্যিক ব্যাংকের রিপোর্টিং পর্যালোচনান্তে এডি ব্যাংকসমূহ কর্তৃক আমদানীমূল্যের যৌক্তিকতা যাচাই হচ্ছে না মর্মে প্রতীয়মান হওয়ায় বাংলাদেশ ব্যাংক এফই সার্কুলার লেটার নং-২৪ (তাং-১৪/০৭/২০২২) এবং উহার অনুবৃত্তিক্রমে এফই সার্কুলার লেটার নং-২৯ (২৮/০৭/২০২২তারিখ) জারিপূর্বক ৩ মিলিয়ন মার্কিন ডলার ও তদুর্ধ্ব আমদানি মূল্যের ক্ষেত্রে আমদানি পরিবীক্ষণ কার্যক্রম আরম্ভ করে। এরই ধারাবাহিকতায় আমদানি পণ্যের price verification এর উপর অধিকতর গুরুত্ব আরোপ করে এফই সার্কুলার ৩৬/২০২২, তারিখ ১৭ অক্টোবর ২০২২ জারি করা হয়।বিষয়টির গুরুত্ব উল্লেখ করে price verification সংশ্লিষ্ট সুনির্দিষ্ট গাইড লাইন বা নীতিমালা প্রদান করার জন্য স্ট্যান্ডার্ড চার্টার্ডের প্রতিনিধি সভায় প্রস্তাব পেশ করেন। আলোচনায় অংশ নিয়ে সিটি ব্যাংক এন.এ'র প্রতিনিধি বিষয়টিতে কাস্টমস কর্তৃপক্ষের সহায়তা নেয়ার পক্ষে তার অভিমত ব্যক্ত করেন। এফইপিডির পরিচালক মহোদয় বিষয়টি সবিস্তারে ব্যাখ্যা করে বলেন যে, চলমান আমদানি পরিবীক্ষণ কার্যক্রম বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের "বৈদেশিক মুদ্রা বাজার ও বৃহৎ আমদনি পরিবীক্ষণ শাখা" হতে নিবিড়ভাবে পরিচালিত হচ্ছে। এই কার্যক্রমের আওতায় আমদানি নীতি আদেশ, এলসি, কন্ট্রাক্ট প্রভৃতি আমদানি মাধ্যমে পণ্যমূল্য (এফওবি), জাহাজভাড়া, ইন্সটলেশন, কমিশন, প্রভৃতি পরিবীক্ষণ, ওভার/আন্ডারইনভয়েসিং, আমদানির আড়ালে অর্থপাচার, আমদানি বিষয়ক অন্যান্য বিধিবিধান পরিপালন পরিবীক্ষণ করা হচ্ছে। তিনি আরো বলেন যে কান্ট্রি অব অরিজিন অনুযায়ী সংশ্লিষ্ট আমদানিতব্য পণ্যের হালনাগাদ competitive market price কত হবে তা পণ্যের প্রকৃতি, মান, পরিমাণ প্রভৃতির ভিন্নতার কারণে ভিন্ন ভিন্ন হতে পারে। সার্বিক আলোচনান্তে price verification এর ক্ষেত্রে ব্যাংকাররা তাদের স্বীয় জ্ঞান, অভিজ্ঞতা, প্রজ্ঞা ও নিষ্ঠার সর্বোচ্চ ব্যবহারের পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে আন্তর্জাতিকভবে স্বীকৃত বিভিন্ন Web portal এর সহায়তা নিতে পারেন মর্মে তিনি অভিমত ব্যক্ত করলে সভাপতি মহোদয় তা সমর্থন করে সংশ্লিষ্ট সকলকে পরিপালনের নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
১২.	IMP form এর হার্ডকপি সংরক্ষণের	স্ট্যান্ডার্ড চার্টার্ড	ইমপোর্ট পেমেন্টের বিপরীতে Bangladesh Bank Online Import Monitoring System এ IMP reporting এর পাশাপাশি IMP	সকল ব্যাংক

	প্রয়োজনীয়তা প্রসঙ্গে।		Form এর হার্ডকপি সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে।স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি ইমপোর্ট ট্রানজেকশন সহজীকরণের লক্ষ্যে IMP Form এর হার্ডকপি সংরক্ষণের প্রয়োজনীয়তা বিবেচনা করার জন্য প্রস্তাব করলে সভার সভাপতি আইনগত দিক বিবেচনায় তা এখনই রহিত করা যাবে না মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন।	
১৩.	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পূর্বানুমতি এর ভিত্তিতে মাদকদ্রব্য আমদানির জন্য লেটার অফ ক্রেডিট ইস্যু করা প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি এফই সার্কুলার ৩৭/২০২২ এর রেফারেন্স উল্লেখ করে বলেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২০) এর ৯, ১০ ও ১১ ধারায় বর্ণিত তফসিলে অন্তর্ভুক্ত পণ্যের শুধুমাত্র বাংলা এবং ইংরেজি নাম উল্লেখ করা আছে। তফসিলি ব্যাংক কর্তৃক এলসি ইস্যু করার সময় সংশ্লিষ্ট পণ্যের সঠিকতা নিরূপণ এবং সহজীকরণের লক্ষ্যে পণ্যের নামের সাথে এইচ.এস কোড সমন্বয় করা যায় কিনা বিষয়টি বিবেচনা করার জন্য তিনি প্রস্তাবনা পেশ করেন। এফইপিডি'র আমদানি নীতি শাখার প্রতিনিধি অভিমত দেন যে, বিষয়টি মন্ত্রণালয় কর্তৃক উদ্ভূত হয়েছে বিধায় সংশ্লিস্ট মন্ত্রণালয় থেকে এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে। আলোচনান্তে, এ বিষয়ে এফইপিডির আমদানি নীতি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	আমদানি নীতি শাখা, এফইপিডি
১৪.	Chinese Yuan Renminbi (CNY) মুদ্রায় ERQ হিসাব খোলার অনুমতি প্রসঙ্গে।	সাউথ ইস্ট ব্যাংক লিঃ	FE সার্কুলার নং ২৫/২০২২ এর মাধ্যমে এডি ব্যাংকসমূহকে তাদের আমদানী রপ্তানি বাণিজ্য এবং বৈদেশিক মুদ্রা বিনিময় সহজীকরণের জন্য তাদের বৈদেশিক Correspondents/Branch এর সহিত CNY মুদ্রায় হিসাব খোলার অনুমোদন জ্ঞাপিত রয়েছে। এজন্য Guideline For Foreign Exchange Transactions 2018, Vol -1 এর Para 1, Chapter-4, Para 24, Chapter 07 এবং Para 05, Chapter 08 সংশোধন করতঃ CNY মুদ্রাকে আমদানী রপ্তানি বানিজ্যের জন্য বিনিময় যোগ্য মুদ্রা হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে যার ফলে CNY মুদ্রায় বৈদেশিক বাণিজ্য সম্প্রসারনের সুযোগ তৈরী হয়েছে। আলোচ্য সার্কুলারের রেফারেন্স উল্লেখ করে সাউথ ইস্ট ব্যাংকের প্রতিনিধি CNY মুদ্রায় রপ্তানি কার্যক্রম সংঘটিত হলে রপ্তানিকারকদের ERQ হিসাব CNY মুদ্রায় হিসাব খোলার সুবিধা দেয়ার জন্য Sec-iv, Para 28 (a)(i) Chapter-13 এ CNY মুদ্রাকে USD, GBP, EURO ও JPY এর সাথে সম্প্রসারণের অনুমোদনের জন্য সাউথ ইস্ট ব্যাংক লিঃ প্রস্তাব পেশ করলে সভায় উপস্থিত অংশীজনেরা তার অনুসমর্থন করেন। এ বিষয়ে এফইপিডি'র পক্ষ থেকে অবহিত করা হয় যে, যে মুদ্রায় রপ্তানি মূল্য প্রত্যাবাসন হবে সে মুদ্রায় ইআরকিউ হিসাব স্থাপনে নীতিগত বাধা নেই। ফলে CNY মুদ্রায় কিংবা অন্য কোন বিনিময়যোগ্য মুদ্রায় রপ্তানি মূল্য প্রত্যাবাসন হলে উক্ত মুদ্রায় ইআরকিউ হিসাব স্থাপন করা যাবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, GFET এর পরবর্তী সংস্করণে মুদ্রার নাম প্রত্যাহার করে "বিনিময়যোগ্য/ব্যবহারযোগ্য মুদ্রা" উল্লেখ করা হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ব্যাংক
১৫	Merchanting Trade এর অপারেশনাল গাইডলাইন প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড	এফই সার্কুলার ২২, তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২২ এ Merchanting Trade সম্পর্কিত সুনির্দিষ্ট গাইডলাইন প্রদান করা হয়েছে। সার্কুলারের Para 02(e)তে, রপ্তানির বিপরীতে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের পূর্বেই short term buyer's credit এর মাধ্যমে ইমপোর্ট এর বিপরীতে মূল্য পরিশোধ করা যাবে বলে উল্লেখ করা হয়েছে। একই সাথে বলা হয়েছে, AD ইস্যুকৃত ঋণপত্রের বিপরীতে কোন প্রকার Payment undertaking/Acceptance প্রদান করা যাবে না। OBU/External Source কর্তৃক buyer's credit প্রদানের ক্ষেত্রে ঋণপত্র প্রদানকারী ব্যাংকের acceptance এর বাধ্যবাধকতা রয়েছে। এই মর্মে, এডি ব্যাংকের করণীয় প্রসঙ্গে পরামর্শ প্রদানের জন্য	সকল ব্যাংক

			স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এর পক্ষ থেকে প্রস্তাব করা হয়। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি'র সভাকে স্পষ্টিকরণ করা হয় যে, বায়ার্স ক্রেডিটের আওতায় তৃতীয় দেশ থেকে পণ্য সংগ্রহের ক্ষেত্রে স্থানীয় ব্যাংক কর্তৃক ইউপাস এলসি কিংবা ইউজেন্স এলসি স্থাপনের সুযোগ নেই। ফলে acceptance এর আবশ্যকতা থাকবে না। অফশোর ব্যাংকিং ব্যবস্থা থেকেও অর্থায়নের সুযোগ নেই। বিদেশী পক্ষ থেকে বায়ার্স ক্রেডিটের আয়োজন থাকলে উক্ত ঋণের মাধ্যমে সংগ্রহ মূল্য পরিশোধের জন্য স্থানীয় পর্যায়ে ঋণপত্র স্থাপনের প্রয়োজন হলে ব্যাংক সাইট ঋণপত্র ইস্যু করতে পারে, যার পরিশোধ দায় বায়ার্স ক্রেডিটের আওতায় নিষ্পত্তি হবে।	

পরিশেষে সভায় যোগদানপূর্বক মূল্যবান অবদান রাখার জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক